গাংনীতে মাঠের পানি নিস্কাশনে সুফল দেবে মুন্দা খালে নির্মিত বক্স কালভার্ট

আশে পাশের কয়েকটি গ্রামের মাঠের পানি নিস্কাশনের দুঃখ ঘোচাবে গাংনী উপজেলার মুন্দা খালের উপর নির্মিত বক্স কালভার্টটি। বক্র কালভার্টটি নির্মিত হলে সুফল বয়ে আনবে এলাকার মানুষের।

এদিকে কাজের গুনগত মান ভাল দেখে সন্তোষ প্রকাশ করেছেন, বিএডিসির দায়িত্বপ্রাপ্ত সহকারী প্রকৌশলী শাহরিয়ার আহাম্মেদ।
বিএডিসির উপ সহকারী প্রকৌশলী আশরাফুল ইসলাম বলেন, সিডিউল মোতাবেক সঠিক ভাবে কাজ করিয়ে নিতে সার্বক্ষনিক তদারকি করা হয়।

জানা গেছে, মুজিবনগর কৃষি উন্নয়ন প্রকল্পের আওতাধীন প্রায় ২২ লাখ টাকা ব্যয়ে মুন্দা খালের উপর বক্স কালভার্টটি নির্মান করছেন মের্সাস বিশ্বাস ট্রেডিং ঠিকাদার মোঃ মামুন রশিদ।

সরেজমিন পরিদর্শনে জানা গেছে, মুন্দা গ্রামের পশ্চিম পাশ দিয়ে মাঠ থেকে খালটি প্রবেশ করে সেউটিয়া খালে গিয়ে মিশেছে। যা এই মাঠের পানি নিষ্কাসনের জন্য অতীব প্রয়োজনী একটি খাল। বামন্দীর দিক থেকে মুন্দা গ্রামের প্রবেশের কাছাকাছি এই খালের উপরে নির্মান হচ্ছে একটি বক্স কালভার্ট।

ইতোমধ্যে কালভার্টের ঢালাই কাজ শেষ হয়েছে। উপস্থিত ছিলেন বিএডিসি ক্ষুদ্র সেচের গাংনী অফিসের উপ সহকারি প্রকৌশলী আশরাফুল ইসলাম ও মেহেরপুর বিএডিসির সহকারী প্রকৌশলী মোঃ শাহরিয়ার আহাম্মদ। ঢালাইয়ে কাজে ব্যবহার করা হয়েছে সিডিউল অনুযায়ী রড সিমেন্টসহ অন্যান্য উপকরণ।

কাজের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে বিএডিসি ক্ষুদ্র সেচের গাংনী অফিসের উপ সহকারি প্রকৌশলী আশরাফুল ইসলাম ও মেহেরপুর বিএডিসির সহকারী প্রকৌশলী মোঃ শাহরিয়ার আহাম্মদ বলেন, সিডিউল মোতাবেক কাজ করা হচ্ছে। তবে তিনি বলেন, আগে যে মালামাল গুলো এসেছিলো সেগুলোর মধ্যে কিছু নিম্নমানের উপকরণ থাকায় সেগুলো ফিরিয়ে দেওয়া হয়েছে। পুনরায় মালের গুনগত মান বিবেচনা করে নতুন করে কাজ শুরু করা হয়েছে। সিডিউল মত সঠিক ভাবে কাজ করা হচ্ছে।

গাংনী পৌর ছাত্রদলের সাবেক আহবায়ক গ্রেফতার

গাংনী পৌর ছাত্র দলের সাবেক আহবায়ক রেজওয়ানুল হক ইমনকে (৩০) নাশকতার মামলায় গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

রেজওয়ানুল হক ইমন গাংনী পৌরসভার চৌগাছা গ্রামের জুলফিকার আলীর ছেলে।
গতকাল রবিবার দিবাগত মধ্যরাতে গাংনী থানা পুলিশের একটি টিম তার বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, রেজওয়ানুল হক ইমনের নামে নাশকতার অভিযোগে গাংনী থানায় একটি মামলা রয়েছে। মামলা নং ৪(৮)২৩।
গ্রেফতারকৃত ইমনকে আজ সোমবার (৭ আগষ্ট) বেলা ১১ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে জমি নিয়ে বিরোধ মেহগনী গাছ কেটে প্রতিশোধ

মেহেরপুরের গাংনী উপজেলার পাকুড়িয়া গ্রামে জমিজমা বিরোধে বোনের লাগানো মেহগনী গাছ ও ধইঞ্চা কেটে তছরুপাতের অভিযোগ উঠেছে আপন ভাইয়ের বিরুদ্ধে ।

গতকাল শনিবার রাতের আধারে ওই গ্রামের শোলমারি মাঠে গাছ কেটে দেয়ার ঘটনা ঘটে ।

বাগান মালিক মর্জিনা খাতুনের অভিযোগ, তার ১৮ কাঠা জমিতে মেহগনী

গাছ লাগানো হয়েছিল। পাশাপাশি তার বোন হাদিছন খাতুনের ১৫ কাঠা জমিতে ছিল ধইঞ্চা আবাদ।

গতকাল শনিবার রাতে তার আপন ভাই ও বোনসহ তাদের লোকজন মিলে গাছ ও ধইঞ্চা কেটে তছরুপাত করে। এসময় তারা ১৩টি মেহগনী গাছ কেটে ফেলে এবং বোনের ১৫ কাটা জমির ধইঞ্চা সম্পূর্ণরুপে তছরুপাত করে। হাদিছন খাতুন অভিযোগে আরও বলেন, আমরা ছয় ভাইবোন মিলে পিতার নামীয় ২৭ কাঠা জমি নিয়ে বিগত ১০ বছর ধরে মামলা পরিচালনা করে আসছি। একাজে যত টাকা খরচ হয়েছে তা আমরা সকল ভাই বোন মিলে ব্যয় করেছি। জমিটি আমাদের পাওয়ার পরে ভাই আবু তালেব, দুই বোন সাদিকা ও রাহিদা মিলে আমার মায়ের কাছে থেকে গোপনে রেজিষ্ট্রি করে নেয়।

এ বিষয়ে আমরা বাকি ভাই বোন যখন জানতে পারি তখন মামলা চলার সময় ১০ বছরে যত টাকা খরচ হয়েছে তা ফেরৎ দাবি করি। কিন্তু তারা টাকা দিতে পারবে না বলে সাফ জানিয়ে দেয়। এ নিয়ে তাদের সাথে আমাদের দ্বন্দ চলে আসছে। এর জের ধরে তারা গাছ ও ধইঞ্চা কেটে তছরুপাত করেছে বলে অীভযোগ করেন হাদিছন নেছা। তিনি আরোও বলেন এর আগেও ভাই আবু তালেব ও দুই বোন সাদিকা ও রাহিদা মিলে দেড় বিঘা জমির মরিচ গাছ কেটে তছরুপাত করেছিল। অনেক জায়গায় অভিযোগ করেও কোনো সমাধান পাইনি।

এদিকে অভিযোগের বিষয়ে অভিযুক্তদের বাড়িতে যাওয়ার পরও তাদের কাউকে বাড়িতে পাওয়া যায়নি। তাই তাদের পক্ষ থেকে কোন বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।

গাংনীতে জনতার হাতে দুই ছাগল চোর আটক; পুলিশে সোপর্দ

গাংনী উপজেলা চিতলা গ্রামে ছাগল চুরি করে নিয়ে যাওয়ার সময় জনতার হতে আটক৷ হয়েছে দামুড়হুদা থানার দশমী গ্রামের ফজলে হোসেন(৪০) ও বাঘাডাংগা গ্রামের লিটন হোসেন (৩৫)।

ফজলে হোসেন দশমী গ্রামের লুতফুর রহমানের ছেলে ও লিটন হোসেন

বাঘাডাংগা গ্রামের তেতুল মন্ডলের ছেলে।

শনিবার দুপুরে তাদের গাংনী উপজেলার পাকুড়িয়া গ্রাম থেকে আটক করা হয়। আটক কৃতদের গাংনী থানায় সোপর্দ করা হয়েছে।

পুলিশ জানায়, চিতলা গ্রামের আশরাফুল ইসলামের একটি খাশি ছাগল চুরি করে অটোরিকশায় নিয়ে যাওয়ার সময় স্থানীয়রা ধাওয়া করে। চোরের দল পাকুড়িয়া গ্রামে পৌঁছালে ছাগলমালিক তার ছাগল চিনতে পেরে তাদের আটক করে। এসময় ৫ জন চোর চক্রের মধ্যে অটোরিকশা ফেলে তিনজন পালিয়ে যায়। ফজলে হোসেন ও লিটনকে ধরে গণধোলাইয়ের পর গাংনী থানা পুলিশের কাছে সোপর্দ করা হয়।

গাংনী থানার ওসি (তদন্ত) মনোজিৎ কুৃমার নন্দী জানান, ছাগল চুরির অপরাধে দুজনকে গাংনী থানায় সোপর্দ করেছে। তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে সুজনের মানববন্ধন অনুষ্ঠিত

গাংনীতে সুশাসনের জন্য নাগরিক “সুজন” এর উদ্যোগে রাজনৈতিক দলসমূহের মধ্যে সংলাপ ও সমঝোতার আহবানে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল ১১ টার সময় মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলা পরিষদের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন মেহেরপুর জেলা “সুজন” এর সাধারণ সম্পাদক ও লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন।

এসময় বক্তব্য রাখেন “সুজন ” এর গাংনী উপজেলা শাখার সভাপতি ও গাংনী সরকারী ডিগ্রী কলেজের সাবেক সহকারি অধ্যাপক আব্দুর রশীদ, উপজেলা সুজন এর সাধারণ সস্পাদক এবং করমদী কলেজের প্রভাষক আবু সায়েম পল্টু, জেলা ওয়ার্কার্স পার্টির সভাপতি কমরেড আব্দুল

মাবুদ, রাজনৈতিক বিশ্লেষক রফিকুল ইসলাম পথিক, দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ এর গাংনী এরিয়া সমন্বয়কারী হেলাল উদ্দীন প্রমুখ।

আয়োজনটি সঞ্চালনা করেন-গাংনী উপজেলা “সুজন”এর সদস্য ও রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান।
মানববন্ধনে বক্তারা বলেন, কোনো হানাহানি না করে রাজনৈতিকদলগুলোকে সমঝোতার মাধ্যমে একটি সুষ্ঠ ও নিরপেক্ষ নির্বাচনে অংশগ্রহণ করতে হবে।

গাংনীতে শেখ কামালের জন্মবার্ষিকী পালন

নানা আয়োজনের মধ্যে দিয়ে গাংনীতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪ তম জন্মবার্ষিকী পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে শনিবার সকাল দশটার সময় গাংনী উপজেলা সভা কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এর আগে শহীদ ক্যাপ্টেন শেখ কামালের প্রতিকৃতিতে ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন,উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) নাদির হোসেন শামীম। এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

বিশেষ অতিথি ছিলেন, গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক, যুবলীগ সভাপতি মোশারফ হোসেন, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতুসহ সরকারি কর্মকর্তা রাজনৈতিক ও জনপ্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীর মাদক ব্যবসায়ীর ২ বছরের সশ্রম কারাদণ্ড

মেহেরপুরে একটি মাদক মামলায় অপরাধ সন্দেহাতীত ভাবে প্রমাণিত হওয়ায় জাহাঙ্গীর আলম নামের এক মাদক ব্যাবসায়ীকে ২ বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত।
গতকাল বুধবার মেহেরপুরের চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আবু বকর সিদ্দিক এ আদেশ দেন। একই সঙ্গে আসামীর ৫ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও ১ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদাণ করেছেন।
দণ্ডিত জাহাঙ্গীর আলম (৪৩) গাংনীর রামকৃষ্ণপুর ধলা গ্রামের আবুল হোসেনের ছেলে।

গাংনীর বিভিন্ন গ্রামে এম এ খালেকের গণসংযোগ

বর্তমান আওয়ামীলীগ সরকারের উন্নয়ন,অগ্রগতি, দেশ পরিচালনায় দক্ষতা ও সাফল্য এবং স্মার্ট বাংলাদেশ গঠনে জনসম্পৃক্ততা বৃদ্ধিতে গণসংযোগ করেছেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক।

বুধবার বিকেলে বিভিন্ন এলাকার তৃণমূল আওয়ামী লীগের নেতাকর্মীদের সাথে নিয়ে গণসংযোগ করেন। গণসংযোগের সময় সঙ্গী হিসেবে উপস্থিত ছিলে গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, সাবেক ছাত্রলীগ নেতা ইমরান হাবিব, স্বেচ্ছাসেবক লীগের আশিকুজ্জামান পিন্টুসহ অনেকে।

এমএ খালেক প্রথমে গাংনী উপজেলার ভাটপাড়া বাজার, নওপাড়া বাজার ও পরে সাহারবাটী বাজারের জনগুরুত্বপূর্ণ বিভিন্ন জায়গায় জনসংযোগ করেন। ওই সকল জায়গার বিভিন্ন মোড়ে মোড়ে চায়ের দোকানসহ বিভিন্ন দোকানে গিয়ে সরকারের সাফল্য তুলে ধরেন।

এসময় এমএ খালেক বলেন, বর্তমান সরকার জনগনের সকল চাহিদা পুরুন করে প্রসংশিত হয়েছে। গৃহহীন পরিবারকে করে দিয়েছেন পাকা বাড়ি, ভুমিহীনকে দিয়েছেন মাথা গোজার ঠাঁই। যা কোন সরকারের আমলেই সম্ভব হয়নি। বড়বড় প্রকল্প বাস্তবায়ন করে দেশকে পৌঁছে দিয়েছে উন্নয়নের শিখরে। লাখোলাখো অসহায় মানুষের পাশে দাঁড়িয়ে বহিঃবিশ্বে মানবতার মা হিসেবে খ্যাতি পেয়েছে বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা। নিম্ন আয়ের বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশের রূপান্তরিত করার প্রত্যয়ে কাজ করে চলেছে। বড়বড় মেগা প্রকল্প বাস্তবায়ন করে সকল শ্রেনী পেশার মানুষের মাঝে জায়গা করে নিয়েছে৷ আওয়ামিলীগ সরকার। এসকল উন্নয়ন অগ্রগতি অব্যাহত রাখতে হলে আগামী জাতীয় সংসদ নির্বাচনে আবারো বাংলাদেশ আওয়ামী লীগকে ক্ষমতায় আনতে নৌকা মার্কায় ভোট দিতে হবে। আবারো নৌকাকে বিজয়ী করতে তৃণমূলের নেতাকর্মীদের একযোগে কাজ করার আহবান জানান মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক। সরকারের সাফল্য তুলে ধরতে জেলার গ্রামে গ্রামে গণসংযোগ অব্যাহত রাখবেন বলে জানান তিনি।

গাংনীতে ফেন্সিডেল সহ মাদক কারবারি আটক

মেহেরপুরের গাংনীতে ১৫ বোতল ফেন্সিডেল সহ পলাশ আহমেদ (২৯) নামের এক মাদক কারবারিকে আটক করেছে সিপিসি র্যাব-১২।

বুধবার (২ আগস্ট) সকাল সাড়ে ৭টার দিকে সিপিসি-মেহেরপুর র্যাব-১২র সিনিয়র সহকারী পুলিশ সুপার কমান্ডার গোলাম মারুফ এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেছেন।

এর আগে, মঙ্গলবার (১ আগস্ট) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে উপজেলার সহড়াতলা (মাদ্রাসাপাড়া) এলাকায় অভিযান পরিচালনা করে ১৫ বোতল ফেন্সিডেলসহ তাকে আটক করে।

আটক পলাশ আহমেদ উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের হালসানাপাড়ার মিনহাজ আলীর ছেলে।

সিপিসি র্যাব-১২ মেহেরপুর সূত্রে জানা গেছে, র্যাবের একটি টহল দল গোপন সংবাদের ভিত্তিতে মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে সহড়াতলা (মাদরাসাপাড়া) এলাকায় অভিযান পরিচালনা করে ১৫ বোতল ফেন্সিডেল সহ পলাশ আহমেদ নামের এক মাদক কারবারিকে আটক করে। এ সময় তার কাছে থেকে মাদক কেনাবেচার কাজে ব্যবহৃত ১টি মোবাইল ফোন জব্দ করা হয়।

আটক পলাশের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ গ্রহণের নিমিত্তে গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে ওই প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে ওই মাদক কারবারি দীর্ঘদিন যাবৎ আইন প্রয়োগকারী সংস্থার চোখ ফাঁকি দিয়ে মেহেরপুর জেলার বিভিন্ন এলাকায় অবৈধ নেশাজাতীয় মাদকদ্রব্য বিভিন্ন মাদকসেবীর কাছে কেনাবেচা করে আসছিল বলেও জানান র্যাবের ওই কর্মকর্তা।

গাংনীতে জাতীয় শোক দিবস পালনের প্রস্তুতি সভা

মেহেরপুরের গাংনীতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী ও স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে প্রস্তুতিমুলক সভা করেছে গাংনী উপজেলা প্রশাসন।

আজ বুধবার সকাল ১০টায় গাংনী উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা ভুমি কর্মকর্তা ও সহকারি কমিশনার(ভুমি) নাদির হোসেন শামীম। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা ,ইউনিয়নের চেয়ারম্যানগণ,সাংবাদিক ও সুশিল সমাজের প্রতিনিধি বৃন্দ।